জেলা ও উপজেলা পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি
সপ্তাহ উদ্‌যাপন সংক্রান্ত

# নিয়মাবলী

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: +৮৮০-২-৯১১২০৮৪
ফ্যাক্স: +৮৮০-২-৯১১৪৮৩১
Email: dg@nmst.gov.bd
infonmst@gmail.com

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
Fax: 880-02-9576538, Web : www.most.gov.bd

স্মারক নং ৩৯.০০.০০০০.০০৭.২৯.০১৩.১৮.২৮০ তারিখ: ২৬ আশ্বিন ১৪২৫ / ১১ অক্টোবর ২০১৮

**বিষয়: জেলা ও উপজেলা পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপনের এর নিয়মাবলী অনুমোদন।**

সূত্র: জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের পত্র নং ৩৯.০৩.০০০০.০০৫.৩৫.০৩২.১৮-১৮৪৮, তারিখ: ০৪/১০/২০১৮

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের মাধ্যমে প্রেরিত জেলা ও উপজেলা পর্যায়ে ২০১৮-১৯ অর্থ বছরে ৪০তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপন সংক্রান্ত নিয়মাবলী নির্দেশক্রমে অনুমোদন করা হলো।

২৮/১০/২০১৮

মোঃ আঃ কুদ্দুস দেওয়ান
উপসচিব
ফোন: ৯৫১৪৯৯৪
ই-মেইল: section7@most.gov.bd

মহাপরিচালক
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
আগারগাঁও, ঢাকা

স্মারক নং ৩৯.০০.০০০০.০০৭.২৯.০১৩.১৮.২৮০ তারিখ: ২৬ আশ্বিন ১৪২৫ / ১১ অক্টোবর ২০১৮

অনুলিপি:
১। সচিবের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। অতিরিক্ত সচিব (বিপ্রউ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। অফিস কপি/ গার্ড ফাইল

মোঃ আঃ কুদ্দুস দেওয়ান
উপসচিব

# জেলা ও উপজেলা পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন সংক্রান্ত

# নিয়মাবলী

**জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর**
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: ৮৮০-২-৯১১২০৮৪
ফ্যাক্স:৮৮০-২-৯১১৪৮৩১
Email: dg@nmst.gov.bd
infonmst@gmail.com

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

# জেলা ও উপজেলা পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন সংক্রান্ত নিয়মাবলী

**০১. ভূমিকা:**

বর্তমান যুগ বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রযাত্রার যুগ। দেশের চলমান আর্থ-সামাজিক উন্নয়নের অভিযাত্রাকে আরও গতিশীল করতে চাই বিজ্ঞান ও প্রযুক্তির যথাযথ এবং টেকসই প্রয়োগ। দেশের উন্নয়নকে আরও বেগবান করতে চাই জাতিকে বিজ্ঞানমনস্ক করে গড়ে তোলা এবং বেশী বেশী বিজ্ঞান চর্চা। কিন্তু সাম্প্রতিক পরিসংখ্যান বলেছে তথ্য-প্রযুক্তি খাতে আমাদের ঈর্ষণীয় অগ্রগতি হলেও বিজ্ঞান ও প্রযুক্তির অন্যান্য বিভাগে আমাদের অর্জন প্রত্যাশিত মাত্রার নয়। বরঞ্চ বিজ্ঞান শিক্ষার প্রতি বর্তমানে শিক্ষার্থীদের ঝোঁক দিন দিন কমে যাচ্ছে। বিজ্ঞানের অর্জনকে টেকসই করতে হলে শিক্ষার্থীদের মাঝে বিজ্ঞান চর্চার আগ্রহ বাড়াতে হবে। এ লক্ষ্যে প্রতি বছর জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ আয়োজন করা হয়।

**০২. উদ্দেশ্য:**

* বিজ্ঞানকে জনপ্রিয় করার উদ্দেশ্যে শিক্ষার্থীদের সুপ্ত প্রতিভা বিকাশের জন্য প্রতিযোগিতার মাধ্যমে প্রণোদনা সৃষ্টির প্রয়াস এবং বিজ্ঞান চর্চাকে মানুষের দোড়গোড়ায় পৌঁছে দেয়ার উদ্যোগ গ্রহণ;
* শিক্ষক শিক্ষার্থীসহ সর্বসাধারণের অংশগ্রহণের মাধ্যমে বিজ্ঞান ও প্রযুক্তি সহজবোধ্য করা এবং বিজ্ঞানের অগ্রযাত্রার মাধ্যমে মানব জীবন ধারার উন্নয়নকে উপস্থাপন করা; এবং
* দেশের প্রত্যন্ত অঞ্চলে ছড়িয়ে ছিটিয়ে থাকা প্রতিভাবান উদ্ভাবকদের চিহ্নিত করা এবং তাদের উৎসাহ ও সহায়তা প্রদান করা।

**০৩. জেলা ও উপজেলা পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন:**

**০৩.০১ জেলা পর্যায়ের আয়োজন:**

ক. জেলা পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপনের লক্ষ্যে জেলা প্রশাসকগণ "জেলা বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন কমিটি" গঠন করবেন। নিম্নোক্তভাবে জেলা বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন কমিটি গঠন করা যেতে পারে।

## জেলা বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন কমিটি

| | | |
|---|---|---|
| ০১) | জেলা প্রশাসক | : সভাপতি |
| ০২) | পুলিশ সুপার | : সহ-সভাপতি |
| ০৩) | অতিরিক্ত জেলা প্রশাসক (সাধারণ/শিক্ষা ও আইসিটি) | : সহ-সভাপতি |
| ০৪) | জেলা শিক্ষা অফিসার | : সম্পাদক |
| ০৫) | জেলা সদরের স্কুল/কলেজ প্রধান অথবা বিজ্ঞান বিষয়ের শিক্ষক/ অধ্যাপক অথবা বিজ্ঞান সংগঠক বা বিজ্ঞান অনুরাগী কর্মকর্তা | : যুগ্ম-সম্পাদক |
| ০৬) | সিভিল সার্জন | : সদস্য |
| ০৭) | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | : সদস্য |
| ০৮) | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | : সদস্য |
| ০৯) | সরকারি কলেজের অধ্যক্ষ | : সদস্য |
| ১০) | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | : সদস্য |
| ১১) | পলিটেকনিক ইনস্টিটিউট/ কারিগরি কলেজের অধ্যক্ষ | : সদস্য |
| ১২) | সকল উপজেলা নির্বাহী অফিসার | : সদস্য |
| ১৩) | জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের একজন প্রতিনিধি | : সদস্য |
| ১৪) | বেসরকারি কলেজের অধ্যক্ষ | : সদস্য |
| ১৫) | সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষ | : সদস্য |
| ১৬) | সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক | : সদস্য |
| ১৭) | বেসরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক | : সদস্য |
| ১৮) | জেলায় অবস্থিত ২(দুই) জন বিজ্ঞান ক্লাব সংগঠক/তরুণ বিজ্ঞানী | : সদস্য |
| ১৯) | জেলা সদরের স্কাউট সম্পাদক | : সদস্য |
| ২০) | জেলা সদরের ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধি | : সদস্য |
| ২১) | জেলার প্রেস ক্লাবের সভাপতি ও সম্পাদক | : সদস্য |
| ২২) | জেলা প্রশাসক মনোনীত বিজ্ঞান বিষয়ের (০৪) জন শিক্ষক | : সদস্য |

জেলা প্রশাসক সংশ্লিষ্ট সদস্যগণকে মনোনীত করবেন এবং প্রয়োজনে আরও সদস্য কো-অপ্ট করতে পারবেন।

খ. "জেলা বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন কমিটি" জেলা পর্যায়ের বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপনের জন্য তারিখ নির্ধারণ, স্থান ও কেন্দ্র নির্বাচন, কমিটি ও উপ-কমিটিসমূহ গঠন ইত্যাদি যাবতীয় কার্যক্রমসহ জেলায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপনের সার্বিক ব্যবস্থা করবে;

**০৩.০২ উপজেলা পর্যায়ের আয়োজন:**

ক. উপজেলা পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপনের লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারগণ "উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন

কমিটি” গঠন করবেন। নিম্নোক্তভাবে উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন কমিটি গঠন করা যেতে পারে।

## উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন কমিটি

| | | |
|---|---|---|
| ০১) | স্থানীয় মাননীয় সংসদ সদস্য | : প্রধান উপদেষ্টা |
| ০২) | উপজেলা চেয়ারম্যান | : উপদেষ্টা |
| ০৩) | উপজেলা নির্বাহী অফিসার | : সভাপতি |
| ০৪) | সহকারী কমিশনার (ভূমি) | : সহ-সভাপতি |
| ০৫) | সহকারী পুলিশ সুপার, সংশ্লিষ্ট সার্কেল | : সহ-সভাপতি |
| ০৬) | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | : সম্পাদক |
| ০৭) | উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের সাধারণ সম্পাদক | : যুগ্ম-সম্পাদক |
| ০৮) | মেডিক্যাল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স | : সদস্য |
| ০৯) | উপজেলা কৃষি অফিসার | : সদস্য |
| ১০) | উপজেলা প্রকৌশলী | : সদস্য |
| ১১) | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট থানা | : সদস্য |
| ১২) | উপজেলা পরিসংখ্যান অফিসার | : সদস্য |
| ১৩) | উপজেলা সদরে অবস্থিত সরকারি/বেসরকারি মহাবিদ্যালয়ের প্রতিনিধি | : সদস্য |
| ১৪) | উপজেলা মহিলা বিষয়ক অফিসার | : সদস্য |
| ১৫) | সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষ | : সদস্য |
| ১৬) | কারিগরি স্কুল/কলেজের প্রধান(যদি থাকে) | : সদস্য |
| ১৭) | সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক(যদি থাকে) | : সদস্য |
| ১৮) | বেসরকারি উচ্চ বিদ্যায়ের প্রধান শিক্ষক | : সদস্য |
| ১৯) | উপজেলা প্রেস ক্লাবের সভাপতি ও সম্পাদক | : সদস্য |
| ২০) | উপজেলায় অবস্থিত একজন বিজ্ঞান ক্লাব সংগঠক/তরুণ বিজ্ঞানী | : সদস্য |
| ২১) | উপজেলা সদরের স্কাউট সম্পাদক | : সদস্য |
| ২২) | উপজেলা সদরের ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধি | : সদস্য |
| ২৩) | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত বিজ্ঞান বিষয়ের ০৪ (চার)জন শিক্ষক | : সদস্য |

উপজেলা নির্বাহী অফিসারগণ সংশ্লিষ্ট সদস্যগণকে মনোনীত করবেন এবং প্রয়োজনে আরও সদস্য কো-অপ্ট করতে পারবেন।

খ. “উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন কমিটি” উপজেলা পর্যায়ের বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপনের জন্য তারিখ নির্ধারণ, স্থান ও কেন্দ্র নির্বাচন, কমিটি ও উপ-কমিটিসমূহ গঠন ইত্যাদি যাবতীয় কার্যক্রমসহ উপজেলায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপনের সার্বিক ব্যবস্থা করবে;

৪. বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপনের জন্য আলোচনা সভা, বিজ্ঞান মেলা ও বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজন করতে হবে।

**৫. উপজেলা ও জেলা পর্যায়ে বিজ্ঞান মেলা আয়োজনের জন্য নিয়মাবলী:**

ক. জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ পালনের অংশ হিসেবে বিজ্ঞান মেলায় অংশগ্রহণকারীদের ৩ (তিন) টি গ্রুপে ভাগ করতে হবে। হাইস্কুল ও সমমানের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীবৃন্দ ও স্কুল ভিত্তিক বিজ্ঞান ক্লাবের সদস্যবৃন্দ জুনিয়র গ্রুপ হিসেবে চিহ্নিত হবে। কলেজ ও সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীবৃন্দ ও কলেজ ভিত্তিক বিজ্ঞান ক্লাবের সদস্যবৃন্দ সিনিয়র গ্রুপ হিসেবে চিহ্নিত হবে। শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক বিজ্ঞান ক্লাব ব্যতীত অন্যান্য বিজ্ঞান ক্লাবের সদস্যবৃন্দ, তরুণ ও অপেশাদার বিজ্ঞানীগণ, উদ্ভাবকগণ এবং ব্যক্তিগত পর্যায়ে সরকারি, আধা সরকারি ও বেসরকারি অংশগ্রহণকারীগণ বিশেষ গ্রুপ হিসেবে বিবেচিত হবে। সাধারণত সিনিয়র ও জুনিয়র গ্রুপের একটি প্রকল্প একজন শিক্ষার্থী উপস্থাপন করবে। তবে প্রকল্পের আকার বড় হলে অনধিক ২(দুই) জন শিক্ষার্থী উপস্থাপন করতে পারবে। বিশেষ গ্রুপের ১(এক)টি প্রকল্প ১(এক) জন ব্যক্তিই উপস্থাপন করবে।

খ. উপজেলা পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ পালনের অংশ হিসেবে বিজ্ঞান মেলায় অংশগ্রহণকারীদের 'ক' অনুচ্ছেদে উল্লিখিতভাবে ৩ (তিন) টি গ্রুপে ভাগ করতে হবে। যে সকল শিক্ষা প্রতিষ্ঠান বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন ট্রাস্ট তহবিল থেকে বিজ্ঞানাগার উন্নয়নের জন্য অর্থ বরাদ্দ পেয়েছেন সে সকল প্রতিষ্ঠান যাতে বিজ্ঞান মেলায় অংশগ্রহণ করে সে ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার উদ্যোগ গ্রহণ করবেন। উপজেলা পর্যায়ে প্রতি গ্রুপ থেকে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীগণ জেলা পর্যায়ের জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলায় তাদের স্ব স্ব প্রকল্প নিয়ে অংশগ্রহণ করবেন।

গ. জেলা পর্যায়ের প্রতিযোগিতায় জেলার অন্তর্গত প্রতিটি উপজেলায় অনুষ্ঠিত জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলায় জুনিয়র, সিনিয়র ও বিশেষ গ্রুপ থেকে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীগণ তাদের স্ব স্ব প্রকল্প নিয়ে অংশগ্রহণ করবেন। উপজেলাসমূহে অনুষ্ঠিত বিজ্ঞান মেলায় ৩টি গ্রুপের ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীগণ এবং 'ক' অনুচ্ছেদের বর্ণনা অনুসারে জেলা সদর থেকে প্রতি গ্রুপের জন্য প্রাক বাছাই করা সর্বোচ্চ ১৫টি প্রকল্প নিয়ে জেলা পর্যায়ের বিজ্ঞান ও প্রযুক্তি মেলা অনুষ্ঠিত হবে। ঢাকা ও চট্টগ্রাম জেলার

ক্ষেত্রে মহানগর ও জেলার উপজেলাসমূহ উত্তর ও দক্ষিণ এ দুইটি অঞ্চলে ভাগ করে প্রত্যেক উপজেলায় অনুষ্ঠিত বিজ্ঞান ও প্রযুক্তি মেলায় প্রতি গ্রুপে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীগণ এবং তাছাড়া মহানগরের প্রতি অংশ থেকে প্রতি গ্রুপের জন্য প্রাক বাছাই করা সর্বোচ্চ ৫০টি প্রকল্প নিয়ে ঢাকা ও চট্টগ্রামে জেলা পর্যায়ের বিজ্ঞান মেলা অনুষ্ঠিত হবে। ঢাকা ও চট্টগ্রাম জেলার জেলা প্রশাসকগণ তাদের স্ব স্ব নিয়ন্ত্রণাধীন মহানগর ও উপজেলাসমূহ উপযুক্ত অংশে বিভাজন করবেন;

ঘ. জেলা ও উপজেলা পর্যায়ের বিজ্ঞান মেলায় উপস্থাপিত প্রদর্শনী মূল্যায়নের জন্য তিনটি গ্রুপের জন্য তিনটি বিচারক মন্ডলী গঠন করতে হবে। তিনটি গ্রুপের বিচারকমন্ডলীতেই পদার্থ বিজ্ঞান, রসায়ন, উদ্ভিদ বিজ্ঞান/প্রাণি বিজ্ঞান, গণিত এবং তথ্য-প্রযুক্তি বিষয়ের বিশেষজ্ঞ শিক্ষক/ব্যক্তিবর্গকে অন্তর্ভুক্ত করতে হবে। নিম্নলিখিত নীতি ও নম্বরের মাপকাঠি বিবেচনায় রেখে বিচারকমন্ডলী প্রতিটি প্রকল্প সম্পর্কে নম্বর প্রদান করবেন এবং মন্তব্যসহ মূল্যায়ন কাজ সমাপ্ত করবেন;

| | | | |
|---|---|---|---|
| * | প্রকল্পের মৌলিকতা ও স্বকীয়তা | - | ২০ |
| * | গবেষণা, নিরীক্ষা ও নতুন তথ্য উদ্ঘাটন | - | ২০ |
| * | উপকরণের সহজলভ্যতা | - | ১৫ |
| * | প্রকল্প বিষয়ে বৈজ্ঞানিক ধারণা | - | ১৫ |
| * | প্রকল্পের কার্যকারিতা | - | ১০ |
| * | দেশীয় অর্থনীতিতে অবদান | - | ১০ |
| * | সার্বিক উপস্থাপনা | - | ১০ |

ঙ. জেলা ও উপজেলা পর্যায়ের বিজ্ঞান মেলাকে আকর্ষণীয় করার জন্য আগের বছরের প্রকল্পগুলোকে চিহ্নিত করতে হবে। যে সব প্রকল্পের গ্রহণযোগ্যতা নেই সেগুলো যাতে বিজ্ঞান মেলায় প্রদর্শন করা না হয় সে বিষয়ে ছাত্র-ছাত্রীদেরকে অবহিত করতে হবে। বিগত বছরে উপস্থাপিত হুবহু অনুকরণকৃত প্রকল্পসমূহ পুরস্কারের জন্য মূল্যায়ন করা যাবে না;

চ. জেলা পর্যায়ের আয়োজিত প্রতিযোগিতায় প্রতি গ্রুপ থেকে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের পুরস্কার প্রদান করতে হবে। এছাড়া অংশগ্রহণকারীদের উৎসাহিত করার জন্য প্রয়োজনীয় সংখ্যক বিশেষ বা সান্তনা পুরস্কারও প্রদান করা যেতে পারে।

ছ. জেলা পর্যায়ে অনুষ্ঠিত বিজ্ঞান মেলায় অংশগ্রহণকারী প্রতিযোগিদের মধ্যে বিজয়ী জুনিয়র, সিনিয়র ও বিশেষ গ্রুপ থেকে ১ম স্থান অধিকারীগণ ঢাকায় অনুষ্ঠিতব্য কেন্দ্রীয় পর্যায়ের বিজ্ঞান মেলায় অংশগ্রহণ করবে।

জ. কেন্দ্রীয় পর্যায়ের বিজ্ঞান মেলায় অংশগ্রহণকারীদের মধ্যে প্রতি গ্রুপ থেকে বিজয়ী ১ম ও ২য় স্থান অধিকারীগণকে বিদেশে শিক্ষা সফরে পাঠানো হবে। প্রেরিতব্য বিদেশগামী টিমের সাথে সেরা আয়োজকদের মধ্য থেকে একজন অতিরিক্ত জেলা প্রশাসককেও প্রেরণ করা হবে।

৬. "জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড" শিরোনামে বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজন করতে হবে। বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজনের জন্য নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করতে হবে।

## ৭. জেলা ও উপজেলা পর্যায়ে জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজনের নিয়মাবলীঃ

ক. উপজেলা পর্যায়ে '............তম জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড' শিরোনামে বিজ্ঞান মেলার দ্বিতীয় দিনে বিজ্ঞান মেলা ও অন্যান্য আয়োজনের সাথে বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজন করতে হবে;

খ. উপজেলা পর্যায়ের বিজ্ঞান অলিম্পিয়াডে উপজেলার অন্তর্গত যে কোন শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের ছাত্র-ছাত্রীগণ অংশগ্রহণ করতে পারবে। মাধ্যমিক ও সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা জুনিয়র গ্রুপ এবং উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা সিনিয়র গ্রুপ হিসেবে চিহ্নিত হবে। প্রত্যেক গ্রুপে প্রতি শিক্ষা প্রতিষ্ঠান থেকে অনধিক ৫(পাঁচ) জন শিক্ষার্থী অংশগ্রহণ করতে পারবে। উপজেলা নির্বাহী অফিসারগণ বিজ্ঞান অলিম্পিয়াডে যাতে উপজেলার অন্তর্গত সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে সে ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন;

গ. উপজেলা নির্বাহী অফিসারগণ বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজনের জন্য উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন কমিটির সদস্যবৃন্দের মধ্য থেকে অথবা অন্যান্য কর্মকর্তা বা বিশিষ্ট জনের মধ্য থেকে একটি বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজন উপ-কমিটি গঠন করবেন;

ঘ. বিজ্ঞান অলিম্পিয়াডে একটি পরীক্ষার মাধ্যমে মেধা যাচাই করতে হবে। পরীক্ষা এমনভাবে আয়োজন করতে হবে, যাতে অংশগ্রহণকারীগণ এক শব্দে বা এক লাইনে উত্তর দিতে পারে। পরীক্ষায় পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীব বিজ্ঞান, গণিত এবং আইসিটি বিষয়ে ১০০টি (সকল বিষয় সমহারে) প্রশ্ন থাকবে। প্রশ্নপত্র তৈরির জন্য ঐ সকল বিষয়ের অভিজ্ঞ শিক্ষকদের সমন্বয়ে সিনিয়র ও জুনিয়র গ্রুপের জন্য দুটি প্রশ্নপত্র প্রণয়ন উপ-কমিটি গঠন করতে হবে। প্রশ্নপত্র মডারেশনের জন্য দুইজন মডারেটর মনোনয়ন দিতে হবে। উত্তরপত্র মূল্যায়নের জন্য দুইটি বিচারক মন্ডলী গঠন করতে হবে। প্রশ্নপত্র প্রণয়নে সর্বোচ্চ গোপনীয়তা অনুসরণ করতে হবে;

ঙ. উপজেলা/জেলা পর্যায়ের বিজ্ঞান অলিম্পিয়াডের পরীক্ষার পর উত্তরপত্র মূল্যায়নের সময়ে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ শিক্ষকদের নিয়ে একটি সভার আয়োজন করতে হবে। অলিম্পিয়াডে অংশগ্রহণকারী প্রতিযোগিরা উক্ত সভায় উপস্থিত থাকবেন। বিশেষজ্ঞ শিক্ষকগণ প্রতিযোগিদের সাথে বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে আলোচনা করবেন এবং মুক্ত আলোচনা পর্বে প্রতিযোগিদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেবেন;

চ. প্রতিটি গ্রুপে ১ম থেকে ৫ম স্থান অধিকারীগণ জেলা পর্যায়ে অনুষ্ঠিত বিজ্ঞান অলিম্পিয়াডে অংশগ্রহণ করবেন;

ছ. জেলা পর্যায়ে বিজ্ঞান মেলার তৃতীয় দিনে মেলাস্থলে “জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড” শিরোনামে বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজন করতে হবে;

জ. জেলা পর্যায়ের বিজ্ঞান অলিম্পিয়াডে জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীরা যথাক্রমে জুনিয়র ও সিনিয়র গ্রুপ হিসেবে অংশগ্রহণ করবে। পরবর্তীতে চূড়ান্ত আয়োজনে উপজেলায় অনুষ্ঠিত বিজ্ঞান অলিম্পিয়াডে জুনিয়র ও সিনিয়র গ্রুপে ১ম থেকে ৫ম স্থান অধিকারীগণ এবং তাছাড়া জেলা সদরের শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রতিগ্রুপের জন্য প্রাক-বাছাইকৃত প্রতি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৫ (পাঁচ) জন করে শিক্ষার্থী বিজ্ঞান অলিম্পিয়াডে অংশগ্রহণ করবে;

ঞ. জেলা প্রশাসকগণ বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজনের জন্য জেলা বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন কমিটির সদস্যবৃন্দের মধ্য থেকে অথবা উপযুক্ত কর্মকর্তা ও বিশিষ্ট ব্যক্তিবর্গের সমন্বয়ে একটি বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজন উপ-কমিটি গঠন করবেন;

ট. বিজ্ঞান অলিম্পিয়াডে একটি পরীক্ষার মাধ্যমে মেধা যাচাই করতে হবে। পরীক্ষা এমনভাবে আয়োজন করতে হবে, যাতে অংশগ্রহণকারীগণ এক শব্দে বা এক লাইনে উত্তর দিতে পারে। পরীক্ষায় পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীব বিজ্ঞান, গণিত এবং আইসিটি বিষয়ে ১০০টি (সকল বিষয় সমহারে) প্রশ্ন থাকবে। প্রশ্নপত্র তৈরির জন্য ঐ সকল বিষয়ের অভিজ্ঞ শিক্ষকদের সমন্বয়ে সিনিয়র ও জুনিয়র গ্রুপের জন্য দুইটি প্রশ্নপত্র প্রণয়ন উপ-কমিটি গঠন করতে হবে। প্রশ্নপত্র মডারেশনের জন্য দুইজন মডারেটর মনোনয়ন দিতে হবে। উত্তরপত্র মূল্যায়নের জন্য দুইটি বিচারক মন্ডলী গঠন করতে হবে;

ঠ. জেলা পর্যায়ের বিজ্ঞান অলিম্পিয়াড পরীক্ষার পরে উত্তরপত্র মূল্যায়নের সময়ে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ শিক্ষকদের নিয়ে একটি সভার আয়োজন করতে হবে। বিজ্ঞান অলিম্পিয়াডে অংশগ্রহণকারী প্রতিযোগিরা উক্ত সভায় উপস্থিত থাকবেন। বিশেষজ্ঞ শিক্ষকগণ প্রতিযোগিদের সাথে বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে আলোচনা করবেন এবং মুক্ত আলোচনা পর্বে প্রতিযোগিদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেবেন;

ড. প্রতিটি গ্রুপ থেকে ১ম ৫ (পাঁচ) জনকে পুরস্কার প্রদান করতে হবে তবে কেবল ১ম ও ২য় স্থান অধিকারীগণ ঢাকায় অনুষ্ঠিতব্য কেন্দ্রীয় পর্যায়ের বিজ্ঞান অলিম্পিয়াডে অংশগ্রহণ করবেন; কেন্দ্রীয় পর্যায়ের বিজ্ঞান অলিম্পিয়াডে বিজয়ী প্রতিগ্রুপ থেকে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীগণকে বিদেশে শিক্ষা সফরে প্রেরণ করা হবে। বিদেশগামী টিমের সাথে সেরা আয়োজকদের মধ্য থেকে একজন উপজেলা নির্বাহী অফিসার ও প্রতি গ্রুপ থেকে প্রথম স্থান অধিকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে প্রেরণ করা হবে।

৮. উপজেলা ও জেলা পর্যায়ের এ কর্মসূচির আওতায় আলোচনা সভা, বিজ্ঞান মেলা ও বিজ্ঞান অলিম্পিয়াড ছাড়াও বিতর্ক, বিজ্ঞান ভিত্তিক উপস্থিত বক্তৃতা, প্রকল্প উপস্থাপন/সিম্পোজিয়াম ইত্যাদি আয়োজন করা যেতে পারে।

৯. উপজেলা ও জেলা পর্যায়ের জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে স্থানীয় মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী বা সংসদ সদস্যবৃন্দকে অথবা অন্য কোন গুরুত্বপূর্ণ ব্যক্তিকে প্রধান/বিশেষ অতিথি হিসেবে আমন্ত্রণ জানানো যেতে পারে। অনুষ্ঠানে অন্য কোন বিশিষ্ট ব্যক্তিকেও আমন্ত্রণ জানানো যেতে পারে। এ ছাড়া বক্তা হিসেবে একজন বিজ্ঞানী/ প্রযুক্তিবিদ/ বিশিষ্ট ব্যক্তিকেও আমন্ত্রণ জানানো যেতে পারে।

১০. জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের মূল কার্যক্রম বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় এবং জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর কর্তৃক বাস্তবায়িত হলেও আয়োজনের ব্যাপারে কোন কোন জেলা বা উপজেলায় উদযাপিত জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের ব্যানারে বা অন্য কোথাও 'জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর' এবং 'বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়' এর নাম উল্লেখ করা হয় না। বর্ণিতাবস্থায়, সকল জেলা উপজেলা পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ আয়োজনের ক্ষেত্রে ১(এক)টি সাধারণ(কমন) ব্যানার থাকা সমীচীন যাতে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের নাম উল্লেখ থাকে। সকল উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসককে ব্যানারের একটি সফট্‌কপি অনুষ্ঠান আয়োজনের পূর্বে ই-মেইলে প্রেরণ করা হবে।

১১. জেলা ও উপজেলা পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপনের উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানের ব্যানারের নমুনা নিম্নে দেয়া হল।

## (ক) উদ্বোধনী অনুষ্ঠানের ব্যানারের নমুনা

(বিজ্ঞান সপ্তাহ পালনের প্রতিপাদ্য বিষয়)

............তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ, বিজ্ঞান মেলা

এবং

...........তম জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড

উদ্বোধনী অনুষ্ঠান

প্রধান অতিথি :

বিশেষ অতিথি :

সভাপতি :

তারিখ :

স্থান :

আয়োজনে : জেলা প্রশাসন/উপজেলা,................(জেলা/উপজেলার নাম) (যেখানে যা প্রযোজ্য)

তত্ত্বাবধানে : জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

পৃষ্ঠপোষকতায় : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

## (খ) সমাপনী অনুষ্ঠানের ব্যানারের নমুনা

(বিজ্ঞান সপ্তাহ পালনের প্রতিপাদ্য বিষয়)

...............তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ, বিজ্ঞান মেলা

এবং

.............তম জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড

সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান

প্রধান অতিথি :

বিশেষ অতিথি :

সভাপতি :

তারিখ :

স্থান :

আয়োজনে : জেলা প্রশাসন/উপজেলা,.............(জেলা/ উপজেলার নাম) (যেখানে যা প্রযোজ্য)

তত্ত্বাবধানে : জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

পৃষ্ঠপোষকতায় : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

গ. উপজেলা ও জেলা পর্যায়ের বিজ্ঞান মেলায় জুনিয়র, সিনিয়র ও বিশেষ গ্রুপে অংশগ্রহণকারীদের স্টলে ব্যানার টানানো হলে তা নিম্নবর্ণিত নমুনা অনুসারে স্থাপন করতে হবে।

**(বিজ্ঞান মেলার স্টলের ব্যানার-এর নমুনা)**

(বিজ্ঞান সপ্তাহ পালনের প্রতিপাদ্য বিষয়)

..............তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা

গ্রুপের নাম : জুনিয়র/ সিনিয়র/ বিশেষ।

প্রকল্পের নাম : ........................................................

প্রতিষ্ঠানের নাম : ........................................................

তারিখ :

স্থান :

আয়োজনে : জেলা/উপজেলা, প্রশাসন......................(জেলা/ উপজেলার নাম) (যেখানে যা প্রযোজ্য)

তত্ত্বাবধানে : জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

পৃষ্ঠপোষকতায় : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

১২. জেলা ও উপজেলা পর্যায়ের অনুষ্ঠানাদির উপর ব্যানার ও অনুষ্ঠানের ভিডিও ছবিসহ একটি প্রতিবেদন অনুষ্ঠান সম্পন্ন হওয়ার ৭(সাত) দিনের মধ্যে মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর এর নিকট পাঠাতে হবে। প্রতিবেদনে অনুষ্ঠান সম্পন্নের তারিখ, অনুষ্ঠানের অতিথি ও সভাপতি সম্পর্কিত তথ্যাদি এবং অংশগ্রহণকারী ও দর্শকের সংখ্যা সম্পর্কে উল্লেখ থাকবে। এ সঙ্গে সংযোজিত ছকে (পরিশিষ্ট-ক) উপজেলা থেকে প্রতিবেদন জেলা পর্যায়ে এবং জেলা পর্যায় থেকে প্রতিবেদন কেন্দ্রীয় পর্যায়ে পাঠাতে হবে।

১৩. জেলা ও উপজেলা পর্যায়ে বিজ্ঞান ও প্রযুক্তি মেলা স্থলে পরমাণু শক্তির শান্তিপূর্ণ ব্যবহার ও পারমাণবিক বিদ্যুতের নিরাপদ উৎপাদন প্রক্রিয়া সম্পর্কিত একটি স্টল/কর্ণার স্থাপন করতে হবে। উক্ত স্টলে প্রদর্শনযোগ্য সিডি, পোস্টার ও বুকলেট ইত্যাদি জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের নিকট মেলা শুরুর আগেই প্রেরণ করা হবে।

**১৪. বিজ্ঞান মেলার মেয়াদঃ**

উপজেলা পর্যায়ে ২ (দুই) দিন ব্যাপী এবং জেলা পর্যায়ে ৩ (তিন) দিন ব্যাপী বিজ্ঞান মেলা আয়োজন করতে হবে;

**১৫. জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের প্রতিপাদ্য বিষয়:**

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় থেকে অনুমোদিত জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর কর্তৃক প্রেরিত প্রতিপাদ্য বিষয়কে ভিত্তি করে জেলা ও উপজেলা পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপিত হবে;

**১৬. ভ্রাম্যমান বিজ্ঞান প্রদর্শনী (মিউজুবাস) এবং মুভিবাস প্রেরণ:**

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপনের জন্য জেলা বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন কমিটি ও উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন কমিটি-এর তথ্য জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপনের তারিখ এবং ভেন্যু পত্র প্রাপ্তির ১০(দশ) দিনের মধ্যে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক এর নিকট পৌঁছাতে হবে। জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণের নিকট থেকে বিজ্ঞান সপ্তাহ উদযাপনের তারিখ অবহিত হওয়ার পর মহাপরিচালক তাদের সাথে আলোচনা করে সম্ভব হলে ভ্রাম্যমান বিজ্ঞান প্রদর্শনী মিউজুবাস ও ৪-ডি (4-D) মুভিবাস প্রেরণের কার্যক্রম গ্রহণ করবে;

**১৭. কেন্দ্রীয় পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড:**

জেলা পর্যায়ে অনুষ্ঠিত জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের বিজ্ঞান মেলায় অংশগ্রহণকারীদের মধ্য থেকে জুনিয়র, সিনিয়র ও বিশেষ গ্রুপে প্রথম স্থান অধিকারীদের নিয়ে এবং জেলা পর্যায়ের জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াডে প্রতিগ্রুপ থেকে ১ম ও ২য় স্থান অধিকারীদের নিয়ে যথাক্রমে কেন্দ্রীয় পর্যায়ে ঢাকার আগারগাঁওস্থ জাতীয় বিজ্ঞান প্রযুক্ত জাদুঘরে সুবিধামত সময়ে ৩(তিন) দিনব্যাপী জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজন করা হবে। এ জন্য মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর সময়ে সময়ে প্রয়োজনীয় কমিটি গঠন করবেন;

**১৮. সরকার কর্তৃক প্রদত্ত আর্থিক বরাদ্দ সমন্বয়:**

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপনের নিমিত্ত বরাদ্দকৃত অর্থ যথাসময়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করা হবে। বরাদ্দকৃত অর্থ প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক ব্যয় করে মেলা সমাপ্তির পর পরই বিল/ভাউচার সমন্বয় করার জন্য মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবরে প্রেরণ করতে হবে। জেলার জন্য বরাদ্দকৃত অর্থ হতে প্রত্যেক জেলা থেকে কেন্দ্রীয় পর্যায়ের অনুষ্ঠানে যোগদানের জন্য তিন গ্রুপের ১ম স্থান অধিকারীদের এবং গাইড শিক্ষকের যাতায়াত ব্যয় বাবদ দূরত্ব ভেদে ৫০০/-(পাঁচশত) টাকা থেকে সর্বোচ্চ ১,৫০০/-(এক হাজার পাঁচশত) টাকা করে প্রদান করা যেতে পারে, উপজেলা থেকে জেলা সদরে যাতায়াতের জন্য নির্ধারিত অংশগ্রহণকারীদের পথ খরচ প্রদান করা যেতে পারে। অনুষ্ঠান সমাপ্তির পরবর্তী ১০ (দশ) দিনের মধ্যে বরাদ্দকৃত অর্থের বিল/ভাউচারসহ 'মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর' বরাবর প্রেরণ করতে হবে।

**১৯. প্রচার:**

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের জেলা পর্যায়ের অনুষ্ঠানের ব্যাপক প্রচারের জন্য প্রেস-রিলিজ, খবরের কাগজ/ রেডিও ও টেলিভিশনে (টিভি) বিজ্ঞাপন, পোষ্টার ইত্যাদির ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। এ ক্ষেত্রে স্থানীয় সংবাদকর্মীদের আয়োজনের বিভিন্ন কার্যক্রমে সম্পৃক্ত করতে এবং দাওয়াত দিতে হবে।

**২০. বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহকে আকর্ষণীয় ও অংশগ্রহণমূলক করার জন্য জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসারের সিদ্ধান্ত চূড়ান্ত;**

২১. বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ পালন কার্যক্রমকে বেশী আকর্ষণীয় ও উৎসবমুখর করার জন্য স্থানীয়ভাবে Sponsor সংগ্রহ করা যাবে। এ বিষয়ে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ বিশেষ উদ্যোগ গ্রহণ করতে পারবেন।

**২২. শিক্ষা সফরের জন্য প্রেরিতব্য টিমে অতিরিক্ত জেলা প্রশাসক বাছাই পদ্ধতি:**

জেলা পর্যায়ে অনুষ্ঠিত জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলায় অংশগ্রহণকারী শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা, বিজ্ঞানসেবী সংগঠনের সংখ্যা, ব্যক্তিগত পর্যায়ে অংশগ্রহণকারীদের সংখ্যা, উদ্ভাবনী প্রজেক্টের সংখ্যা, অংশগ্রহণকারীদের জন্য প্রদত্ত সুবিধাদি, স্টলের সাজ-সজ্জা, যথাযথভাবে ব্যানার স্থাপন ও প্রচারের ব্যবস্থা, অনুষ্ঠানাদির উপর আলোকচিত্রসহ প্রতিবেদন, যথাসময়ে অনুষ্ঠানাদির খরচের ভাউচার প্রেরণ, বিশেষ কোন উদ্যোগ গ্রহণ ইত্যাদি মূল্যায়ন করে বিভাগীয় কমিশনারগণ বিদেশে শিক্ষা সফরে প্রেরিতব্য টিমে অন্তর্ভুক্তির জন্য প্রত্যেক বিভাগ থেকে একজন অতিরিক্ত জেলা প্রশাসকের নাম মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর প্রেরণ করবেন। প্রেরিতব্য তথ্যাদি পরীক্ষা করে মহাপরিচালক একজন অতিরিক্ত জেলা প্রশাসকের নাম চূড়ান্তকরণের নিমিত্ত বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করবেন।

**২৩. শিক্ষা সফরের জন্য প্রেরিতব্য টিমে উপজেলা নির্বাহী অফিসার বাছাই পদ্ধতি:**

উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলায় অংশগ্রহণকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা, কারিগরি ও অন্যান্য সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা, বিজ্ঞানসেবী সংগঠনের সংখ্যা, ব্যক্তিগত পর্যায়ে অংশগ্রহণকারীদের সংখ্যা, উদ্ভাবনী প্রজেক্ট-এর সংখ্যা, বিজ্ঞান অলিম্পিয়াডে অংশগ্রহণকারী শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা, বিজ্ঞান অলিম্পিয়াডে অংশগ্রহণকারীদের সংখ্যা, অংশগ্রহণকারীদের জন্য প্রদত্ত সুবিধাদি, স্টলের সাজ-সজ্জা, যথাযথভাবে ব্যানার স্থাপন ও প্রচারের ব্যবস্থা। অনুষ্ঠানাদির উপর আলোকচিত্রসহ প্রতিবেদন, যথাসময়ে

অনুষ্ঠানাদির খরচের বিল ভাউচার প্রেরণ, বিশেষ কোন উদ্যোগ গ্রহণ ইত্যাদি মূল্যায়ন করে অংশগ্রহণকারী জেলা প্রশাসকগণ স্ব স্ব বিভাগীয় কমিশনারের নিকট একজন উপজেলা নির্বাহী অফিসারের নাম বিদেশে শিক্ষা সফরে প্রেরিতব্য টিমে অন্তর্ভুক্তির জন্য প্রস্তাব প্রেরণ করবেন। জেলা প্রশাসকগণ থেকে প্রাপ্ত তালিকা যাচাই করে বিভাগীয় কমিশনারগণ তার বিবেচনায় সেরা উপজেলা নির্বাহী অফিসারের নাম মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর প্রেরণ করবেন। প্রেরিতব্য তথ্যাদি পরীক্ষা করে মহাপরিচালক একজন উপজেলা নির্বাহী অফিসারের নাম চূড়ান্তকরণের নিমিত্ত বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করবেন।

**২৪. যোগাযোগঃ**

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ সংক্রান্ত যে কোন বিষয়ে মহাপরিচালক (ফোন নম্বর: ৯১১২০৮৪), সিনিয়র কিউরেটর (ফোন: ৮১৮১৩৩০), উপ-পরিচালক (ফোন:৮১৮১৩৩০) কিউরেটর (সার্বিক) (ফোন: ৮১৮১৩২৮), জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭ (ফ্যাক্স নম্বর: ৯১১৪৮৩১) email-dg@nmst. gov.bd, infonmst@gmail.com এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

পরিশিষ্ট-ক

## জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ ও বিজ্ঞান মেলা সম্পর্কে জেলা কমিটি / উপজেলা কমিটি কর্তৃক প্রেরিতব্য প্রতিবেদন ছক

০১। কেন্দ্রের নাম : .........................

০২। বিজ্ঞান মেলা অনুষ্ঠানের তারিখ : .........................

০৩। বিজ্ঞান মেলায় অংশগ্রহণকারীদের সংখ্যা : .........................

০৪। মোট প্রকল্পের সংখ্যা : .........................

ক) জুনিয়র গ্রুপ : .........................

খ) সিনিয়র গ্রুপ : .........................

গ) বিশেষ গ্রুপ : .........................

০৫। প্রকল্প উপস্থাপন/বিজ্ঞান ভিত্তিক উপস্থিত বক্তৃতা/সিম্পোজিয়ামে অংশগ্রহণকারীর মোট সংখ্যা ও বিষয়বস্তু : .........................

০৬। বিজ্ঞান অলিম্পিয়াডে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের সংখ্যা ও শিক্ষার্থীর সংখ্যা : .........................

০৭। বিজ্ঞান অলিম্পিয়াডে প্রতি গ্রুপে (১ম থেকে ৫ম স্থান, উপজেলা থেকে জেলা পর্যায়ে প্রেরণের ক্ষেত্রে)/১ম ও ২য় স্থান, জেলা থেকে কেন্দ্রীয় পর্যায়ে প্রেরণের ক্ষেত্রে)অধিকারীদের নাম, শ্রেণি, শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও মোবাইল ফোন নম্বর : .........................

০৮। বিজ্ঞান মেলায় জুনিয়র, সিনিয়র ও বিশেষ গ্রুপে অংশগ্রহণকারীদের মধ্য থেকে ১ম, ২য় ও ৩য় (জেলা পর্যায়ে প্রেরণের ক্ষেত্রে)/ ১ম ও ২য় স্থান (কেন্দ্রীয় পর্যায়ে প্রেরণের ক্ষেত্রে) অধিকারী প্রকল্পের বর্ণনাসহ নাম, শ্রেণি, শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, বয়স,বর্তমান

ঠিকানা ও মোবাইল ফোন নম্বর (সংশ্লিষ্ট প্রতিযোগী শিক্ষার্থী না হলে তার স্থায়ী ঠিকানা) : .........................

ক) জুনিয়র (১ম,২য় ও ৩য় স্থান অধিকারী) : .........................

খ) সিনিয়র (১ম,২য় ও ৩য় স্থান অধিকারী) : .........................

গ) বিশেষ (১ম,২য় ও ৩য় স্থান অধিকারী) : .........................

...........................

তারিখ:........................... স্বাক্ষর

নাম:...........................

জেলা বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন কমিটি/

উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন কমিটি

(প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যেতে পারে)

বি:দ্রঃ এ ছকে উপজেলা পর্যায়ের তথ্য জেলা পর্যায়ে এবং জেলা পর্যায়ের তথ্য কেন্দ্রে প্রেরণ করতে হবে।

# জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

## আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

- মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষার্থীদের বিজ্ঞানের বিষয়সমূহ হাতে কলমে শিক্ষাদানের উদ্দেশ্যে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের প্রদর্শনীবস্তুসমূহ সাজানো হয়েছে
- বিজ্ঞান শিক্ষা এবং বিজ্ঞান ও প্রযুক্তি নির্ভর বাংলাদেশ গড়ার লক্ষ্যে শিক্ষার্থীদের বিজ্ঞান জাদুঘর পরিদর্শন আবশ্যক
- কোন প্রতিষ্ঠান থেকে দলগতভাবে জাদুঘর পরিদর্শন করতে চাইলে জাদুঘরের পক্ষ থেকে বিনামূল্যে পরিবহণ (বিশেষ করে ঢাকা শহরে) ও টিকিটে বিশেষ ছাড় এর ব্যবস্থা রয়েছে
- শিক্ষার্থীদের জাদুঘর পরিদর্শন করার জন্য প্রতিষ্ঠান প্রধানদের জাদুঘর কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে অনুরোধ করা হলো



**জাদুঘরের গ্যালারি পরিদর্শনের সময়সূচি**

- রবিবার থেকে বুধবার সকাল ৯:০০ থেকে বিকাল ৫:০০
  শনিবার সকাল ৯:০০ থেকে সন্ধ্যা ৬:০০
  শুক্রবার দুপুর ২:৩০ থেকে সন্ধ্যা ৭:০০
  বৃহস্পতিবার সাপ্তাহিক বন্ধ

**নিমোক্ত বিশেষ দিবসসমূহে জাদুঘরের গ্যালারি খোলা থাকে**

- মহান স্বাধীনতা দিবস, ২৬ মার্চ
- বাংলা নববর্ষ, ১লা বৈশাখ
- মহান বিজয় দিবস, ১৬ ডিসেম্বর
- জাতীয় শিশু দিবস, ১৭ মার্চ

**জাদুঘরে শক্তিশালী টেলিস্কোপের সাহায্যে রাতের আকাশ দেখার ব্যবস্থা রয়েছে**

(শুক্র ও শনিবার সন্ধ্যার পর ১ ঘন্টা, আকাশ মেঘমুক্ত থাকা সাপেক্ষে)

এখানে স্বল্প দৈর্ঘ্য 4D movie প্রদর্শনের ব্যবস্থা আছে

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন
www.nmst.gov.bd

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
ফোনঃ ৯১১২০৮৪,৮১৮১৩২৮